

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
<https://food.khagrachhari.gov.bd>
web : www.dgfood.gov.bd

নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব রুপান্তর চাকমা, জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ও সময়: ১৯ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ, বিকাল ৩.০০ ঘটিকা।

সভার স্থান: জেলা খাদ্য নিয়ন্ত্রকের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি: পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২৩-২৪ অর্থ বছরের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সভায় পর্যায়ক্রমে আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/দপ্তর
০১.	উন্নত কর্ম-পরিবেশ	কর্ম-পরিবেশ উন্নয়ন অর্থাৎ(স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডভুক্ত একেজো মালামাল বিনষ্টকরণ / পরিষ্কার – পরিচ্ছন্নতা বৃদ্ধি করা ইত্যাদি প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	কর্ম-পরিবেশ উন্নয়নে (স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক গুদামের একেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল)
০২.	প্রশিক্ষণ	জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ২য় কোয়ার্টারে বিগত ১০/১০/২০২৩ হতে ১১/১০/২০২৩খ্রি: তারিখ ২(দুই)দিনব্যাপি ডি নথি, ওয়েব পোর্টাল ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ৩য় কোয়ার্টারেও প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।	কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করতে হবে।	প্রশাসন শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়।
০৩.	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান	সিটিজেন চার্টার সংশোধন ও হালনাগাদ করা হয়েছে মর্মে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	ইতিমধ্যে অত্র কার্যালয়সহ সংশ্লিষ্ট সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে বিধায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)।
০৪.	সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে সভা	সভায় সভাপতি জানান যে, সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিয়মিতভাবে অংশীজনের সহিত যোগাযোগ অব্যাহত রাখা প্রয়োজন। কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে বিশদ আলোচনা করা হয়।	অংশীজনের অংশগ্রহণে নিয়মিত সভার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক।
০৫.	সেবা প্রদান বিষয়ক	সেবা প্রদান বিষয়ক রেজিস্টার সংরক্ষণ ও হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা করা হয়।	সকল স্থাপনায় সেবা প্রদান বিষয়ক রেজিস্টার খুলে হালনাগাদ করে রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর): (রুপান্তর চাকমা)
সভাপতি/ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি।
ও
জেলা খাদ্য নিয়ন্ত্রক
খাগড়াছড়ি পার্বত্য জেলা

স্মারক নং- ১৩.০১.৪৬০০.০০১.৩২.০৪৮.২৩. ২৬৩২


তারিখ: ২০/১১/২৬ ১৪৬

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। জনাব আব্দুই রশ্বদ তনচংগ্যা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক খাগড়াছড়ি সদর আহবায়ক।
- ০৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল)..... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) এলএসডি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৭। জনাব ভানুপ্রভা ত্রিপুরা, প্রধান সহকারী, অত্র কার্যালয় ও সদস্য।
- ০৮। জনাব, আজাদের রহমান, হিসাব রক্ষক, অত্র কার্যালয় ও সদস্য।
- ০৯। অফিস কপি।



জেলা খাদ্য নিয়ন্ত্রক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।


২০/১১/২৬